গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাণিজ্য মন্ত্রণালয়
জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর
১, কারওয়ান বাজার (টিসিবি ভবন-৮ম তলা), ঢাকা
www.dncrp.gov.bd

স্মারক নম্বর: ২৬.০৪.০০০০.১১৪.২৩.০৩৫.২৩.-১২ তারিখ: ০৯ জানুয়ারি ২০২৩

বিষয়: রচনা প্রতিযোগিতায় শিক্ষার্থীদের অংশগ্রহণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, আগামী ১৫ মার্চ ২০২৩ বিশ্ব ভোক্তা-অধিকার দিবস উদযাপন উপলক্ষ্যে জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তরের উদ্যোগে ভোক্তা-অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ শিক্ষার্থী ও গণমাধ্যমকর্মীগণের মধ্যে অধিকতর প্রচারের লক্ষ্যে রচনা প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে। উক্ত রচনা প্রতিযোগিতায় গণমাধ্যমকর্মী এবং বিশ্ববিদ্যালয়, কলেজ ও স্কুলের ছাত্র-ছাত্রীদের অংশগ্রহণের জন্য গত ০৮ জানুয়ারি ২০২৩ তারিখে দৈনিক বাংলাদেশ প্রতিদিন ও দৈনিক যুগান্তর পত্রিকায় বিজ্ঞপ্তির মাধ্যমে রচনা আহ্বান করা হয়েছে।

এমতাবস্থায়, উক্ত রচনা প্রতিযোগিতায় শিক্ষার্থীদের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণের নিমিত্ত সংযুক্ত বিজ্ঞপ্তিটি অধিকতর প্রচারের কার্যকর ব্যবস্থা গ্রহণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

(বিস্তারিত তথ্যের জন্য শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার অফিসের শিক্ষা ও বৃত্তি শাখায় যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো)

শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়
শেরেবাংলা নগর
ঢাকা-১২০৭।

স্মারক নং-শেকৃবি/শিক্ষা ও বৃত্তি/২৩(১)/২০২২/২০৮ তারিখঃ ১৮-০১-২০২৩

অনুলিপি (সদয় অবগতি/কার্যার্থে)ঃ

১। ডীন, কৃষি/এগ্রিবিজনেস ম্যানেজমেন্ট/এনিম্যাল সাইন্স এন্ড ভেটেরিনারি মেডিসিন/ফিশারিজ, একোয়াকালচার এন্ড মেরিন সায়েন্স অনুষদ/পোস্ট গ্রাজুয়েট স্টাডিজ, শেকৃবি, ঢাকা।
২। বিভাগীয় চেয়ারম্যান (সকল) ....., শেকৃবি, ঢাকা।
৩। পরিচালক (আইসিটি সেল), শেকৃবি (বিজ্ঞপ্তিটি শেকৃবি'র ওয়েবসাইটে প্রচারের অনুরোধসহ)।
৪। ভিসি মহোদয়ের একান্ত সচিব (ভিসি মহোদয়ের সদয় অবগতির জন্য), শেকৃবি, ঢাকা।
৫। জনসংযোগ কর্মকর্তা, জনসংযোগ দপ্তর (বিজ্ঞপ্তিটি প্রচারের অনুরোধসহ), শেকৃবি, ঢাকা।
৬। পি.এ.টু ট্রেজারার (ট্রেজারার মহোদয়ের সদয় অবগতির জন্য), শেকৃবি, ঢাকা।
৭। পি.এ.টু রেজিস্ট্রার (রেজিস্ট্রার মহোদয়ের সদয় অবগতির জন্য), শেকৃবি, ঢাকা।
৮। সকল নোটিশ বোর্ড, শেকৃবি, ঢাকা।
৯। অফিস কপি।

18.01.23
(আলম তাজ বেগম)
অতিরিক্ত রেজিস্ট্রার (শিক্ষা ও বৃত্তি)
শেকৃবি, ঢাকা-১২০৭।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর
বাণিজ্য মন্ত্রণালয়

ভোক্তা-অধিকার সম্পর্কিত রচনা প্রতিযোগিতা

জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তরের উদ্যোগে ১৫ মার্চ ২০২৩ বিশ্ব ভোক্তা-অধিকার দিবস উপলক্ষ্যে ভোক্তা-অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ অধিকতর প্রচারের লক্ষ্যে ভোক্তা-অধিকার বিষয়ে রচনা আহ্বান করা যাচ্ছে।

রচনা প্রতিযোগিতা সম্পর্কিত তথ্যাদি:

১। গণমাধ্যমকর্মীগণের জন্য:

বিষয়: ভোক্তা-অধিকার রক্ষায় গণমাধ্যমের ভূমিকা।
(শব্দসীমা ২০০০-২৫০০)।

২। বিশ্ববিদ্যালয় পর্যায়:

বিষয়: ভোক্তা-অধিকার: প্রেক্ষাপট বাংলাদেশ-সমস্যা ও সম্ভাবনা।
(শব্দসীমা ২০০০-২৫০০)।

৩। কলেজ পর্যায়:

বিষয়: ডিজিটাল কমার্সে ভোক্তার সুরক্ষা, চ্যালেঞ্জ ও সম্ভাবনা।
(শব্দসীমা ১৫০০-২০০০)।

৪। স্কুল পর্যায়:

বিষয়: ভোক্তা-অধিকার রক্ষায় ছাত্র, শিক্ষক ও অভিভাবকের ভূমিকা।
(শব্দসীমা ১০০০-১৫০০)।

রচনার শর্তাবলী নিম্নরূপ:

১। রচনা টাইপ/পরিচ্ছন্ন হাতের লেখায় হতে হবে। রচনা এক পৃষ্ঠায় (উভয় পৃষ্ঠায় নয়) A-4 সাইজের কাগজে লিখতে হবে। রচনার সাথে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধান কর্তৃক ছাত্র/ছাত্রী সম্পর্কে প্রদত্ত প্রত্যয়নপত্র এবং গণমাধ্যমকর্মীগণের ক্ষেত্রে পরিচয়পত্রের ফটোকপি সংযুক্ত করতে হবে।

২। আগামী **৮ ফেব্রুয়ারি ২০২৩ তারিখের** মধ্যে ডাকযোগে বা সরাসরি উপস্থিত হয়ে রচনার পান্ডুলিপি মহাপরিচালক, জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ১ কারওয়ান বাজার, টিসিবি ভবন (৮ম তলা), ঢাকা বরাবর প্রেরণ/প্রদান করতে হবে (পান্ডুলিপি প্রদান সংক্রান্ত আবেদনপত্রে তারিখসহ পত্রিকার বরাত থাকতে হবে)।

৩। রচনার সাথে ২ কপি পাসপোর্ট সাইজের ছবিসহ অংশগ্রহণকারীর জীবন বৃত্তান্ত প্রদান করতে হবে।

৪। অধিদপ্তর কর্তৃক গঠিত কমিটিসমূহ ১ম, ২য় ও ৩য় পুরস্কারের জন্য প্রতিযোগীকে চূড়ান্তভাবে নির্বাচন করবে।

৫। নির্বাচিত রচনাসমূহ ১৫ মার্চ ২০২৩ বিশ্ব ভোক্তা-অধিকার দিবস উপলক্ষ্যে প্রকাশিতব্য স্মরণিকায় ছাপানো হবে।

পর্যায়ভিত্তিক পুরস্কার মূল্য ও সম্মাননা সনদ:

ক) গণমাধ্যমকর্মীগণের জন্য:

১। প্রথম পুরস্কার নগদ ২৫,০০০/- (পঁচিশ হাজার টাকা), একটি ক্রেস্ট ও সনদপত্র।
২। দ্বিতীয় পুরস্কার নগদ ২০,০০০/- (বিশ হাজার টাকা), একটি ক্রেস্ট ও সনদপত্র।
৩। তৃতীয় পুরস্কার নগদ ১৫,০০০/- (পনের হাজার টাকা), একটি ক্রেস্ট ও সনদপত্র।

খ) বিশ্ববিদ্যালয় পর্যায়ে :

১। প্রথম পুরস্কার নগদ ২৫,০০০/- (পঁচিশ হাজার টাকা), একটি ক্রেস্ট ও সনদপত্র।
২। দ্বিতীয় পুরস্কার নগদ ২০,০০০/- (বিশ হাজার টাকা), একটি ক্রেস্ট ও সনদপত্র।
৩। তৃতীয় পুরস্কার নগদ ১৫,০০০/- (পনের হাজার টাকা), একটি ক্রেস্ট ও সনদপত্র।

গ) কলেজ পর্যায়ে :

১। প্রথম পুরস্কার নগদ ২০,০০০/- (বিশ হাজার টাকা), একটি ক্রেস্ট ও সনদপত্র।
২। দ্বিতীয় পুরস্কার নগদ ১৫,০০০/- (পনের হাজার টাকা), একটি ক্রেস্ট ও সনদপত্র।
৩। তৃতীয় পুরস্কার নগদ ১২,০০০/- (বার হাজার টাকা), একটি ক্রেস্ট ও সনদপত্র।

ঘ) স্কুল পর্যায়ে :

১। প্রথম পুরস্কার নগদ ১৫,০০০/- (পনের হাজার টাকা), একটি ক্রেস্ট ও সনদপত্র।
২। দ্বিতীয় পুরস্কার নগদ ১২,০০০/- (বার হাজার টাকা), একটি ক্রেস্ট ও সনদপত্র।
৩। তৃতীয় পুরস্কার নগদ ১০,০০০/- (দশ হাজার টাকা), একটি ক্রেস্ট ও সনদপত্র।

এ.এইচ.এম সফিকুজ্জামান
মহাপরিচালক
জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা